রূপগঞ্জে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের ঝটিকা মিছিল



ছবি: ভিডিও থেকে নেওয়া।

নারায়ণগঞ্জের রূপগঞ্জে ঢাকা-সিলেট মহাসড়কে ঝটিকা মিছিল করেছেন কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতাকর্মীরা। সোমবার (১৬ নভেম্বর) দুপুরে উপজেলার কর্ণগোপ এলাকায় এ মিছিল বের করা হয়।

মিছিলে নেতৃত্ব দেন রূপগঞ্জ উপজেলার কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক হাফিজুর রহমান ভূঁইয়া সজিব।

প্রত্যক্ষদর্শীরা জানান, কয়েক মিনিট মহাসড়কে অবস্থানের পর মিছিলকারীরা দ্রুত সেখান থেকে চলে যান।

দিনদুপুরে মহাসড়কে নিষিদ্ধ সংগঠনটির নেতাকর্মীদের এমন মিছিলের ঘটনায় এলাকায় আলোচনা তৈরি হয়েছে।